

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫
www.banbeis.gov.bd



স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১২৪.২৬/৭৫৪(৫)

তারিখ: ০২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৬ এর আওতায় ব্যানবেইস এর ওয়েবসাইটে Online Software ব্যবহার করে তথ্য প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) পরিচালিত বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৬ এর আওতায় আগামী ০১ অক্টোবর ২০২৬ থেকে ১৫ নভেম্বর ২০২৬ পর্যন্ত সময়ে দেশের প্রাথমিকোত্তর স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যসংগ্রহ কার্যক্রম Online Software এর মাধ্যমে সারা দেশে একযোগে পরিচালিত হবে। শিক্ষা জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্য প্রক্রিয়াকরণ করে ব্যানবেইস প্রতি বছর Bangladesh Education Statistics শিরোনামে প্রতিবেদন প্রকাশ করে। উক্ত প্রতিবেদনে উপস্থাপিত তথ্যের ভিত্তিতে শিক্ষাখাতের মানোন্নয়ন এবং সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা, নীতি-কৌশল প্রণয়নসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়।

২। তথ্য প্রদানের সময় Login করতে ব্যানবেইস এর ওয়েবসাইট (www.banbeis.gov.bd)-এ প্রবেশ করে শিক্ষা জরিপ ২০২৬ ট্যাবে ক্লিক করে User ID হিসেবে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের EIIN এবং ব্যানবেইস এর সার্ভারে সংরক্ষিত বিশ্ববিদ্যালয়ের মোবাইল নাম্বারে এসএমএস-এর মাধ্যমে প্রেরিত পাসওয়ার্ড ব্যবহৃত হবে। উল্লেখ্য, জরিপ চলাকালীন প্রতিবার লগইন-এর ক্ষেত্রে একই পাসওয়ার্ড প্রযোজ্য হবে।

৩। বর্ণিতাবস্থায়, আগামী ০১ অক্টোবর থেকে ১৫ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের তথ্য ব্যানবেইস এর সার্ভারে আপলোড নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিশ্ববিদ্যালয় সম্পর্কিত জরিপ তথ্যছক ও ফরম (তথ্যছক) পূরণ নির্দেশিকা (Manual) ব্যানবেইস এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৭/০৯/২০২৬

(প্রফেসর রুনা নাহারী)

চীফ, পরিসংখ্যান বিভাগ

ফোন: +৮৮-০২- ৪১০৬০৭১৫

E-mail: chief_stat@banbeis.gov.bd

রেজিস্ট্রার (সকল)

.....বিশ্ববিদ্যালয়

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউ.জি.সি), আগারগাঁও, ঢাকা [বিশ্ববিদ্যালয়সমূহের তথ্য ব্যানবেইস সার্ভারে আপলোড করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ];
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
- ৩। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
- ৫। পরিচালক (পরিসংখ্যান), বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
- ৬। পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউ.জি.সি), আগারগাঁও, ঢাকা [বিশ্ববিদ্যালয়সমূহের তথ্য ব্যানবেইস সার্ভারে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];
- ৭। পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউ.জি.সি), আগারগাঁও, ঢাকা [বিশ্ববিদ্যালয়সমূহের তথ্য ব্যানবেইস সার্ভারে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];
- ৮। প্রোগ্রামার-১, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৯। অফিস কপি।